# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**Date 25-02-2026** **Time: 7.35 AM**

---

বিশেষ বিশেষ খবর –

১) শীর্ষ আদালত, রাজ্যে SIR-এর লজিক্যাল ডিসক্রিপেন্সি বা তথ্যগত অসংগতির নথি যাচাই-এর জন্য ঝাড়খন্ড ও ওড়িশার বিচারবিভাগীয় আধিকারিকদেরও প্রয়োজনে কাজে লাগানোর প্রস্তাব দিয়েছে।

২) এস আই আর নিয়ে কলকাতা হাইকোর্টে অনুষ্ঠিত বৈঠকে উপস্থিত থাকার জন্য রাজ্যের প্রাক্তন মুখ্য সচিব মনোজ পন্থ-কে গ্রেপ্তারের দাবি জানিয়েছেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার।

৩) কেন্দ্রীয় মন্ত্রিসভা, ২০২৬-২৭ বিপণন বর্ষে কাঁচা পাটের ন্যুনতম সহায়ক মূল্য ২৭৫ টাকা বৃদ্ধি করে ৫ হাজার ৯২৫ টাকা করেছে।

৪) দীর্ঘ জটিলতা কেটে অবশেষে স্কুলে শিক্ষক পদে চূড়ান্ত নিয়োগ প্রক্রিয়া শুরু হয়েছে।

৫) দক্ষিণ ২৪ পরগনার ভাঙড়ে রাসায়নিক ড্রামে বিস্ফোরণের ঘটনায় আহত এক বালকের আজ ভোরে মৃত্যু হয়েছে।

৬) দক্ষিণ ২৪ পরগনার ঝড়খালিতে বাঘের হানায় ফের এক মৎস্যজীবী প্রাণ হারিয়েছেন।

কাঠ চেরাই মেশিনে পরণের কাপড় জড়িয়ে মর্মান্তিক মৃত্যু হয়েছে এক মিল মালিকের।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে SIR-এর লজিক্যাল ডিসক্রিপেন্সি বা তথ্যগত অসংগতির নথি যাচাই-এর জন্য সুপ্রিম কোর্ট এবার ঝাড়খন্ড ও ওড়িশার বিচারবিভাগীয় আধিকারিকদের কাজে লাগানোর নির্দেশ দিয়েছে। এর আগে নির্দেশ অনুযায়ী জুডিশিয়াল আধিকারিক নিয়োগের বিষয়ে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পাল, সর্বোচ্চ আদালতে স্টেটাস রিপোর্ট জমা দেন। তাতে জানানো হয়েছে, প্রায় ৮০ লক্ষ নথি খতিয়ে দেখার কাজ বাকি আছে। এই পরিস্থিতিতে এখনো পর্যন্ত ২৯৪ জন কর্মরত ও প্রাক্তন বিচারকদের নিয়োগ করা হয়েছে। তাঁরা প্রতিদিন আড়াইশ’ জনের নথি যাচাই করলেও, সম্পূর্ণ কাজ মিটতে ৮০ দিন সময় লেগে যাবে। এর প্রেক্ষিতেই গতকাল জরুরী ভিত্তিতে মামলার শুনানি করা হয়। প্রধান বিচারপতি সূর্যকান্ত, বিচারপতি জয়মাল্য বাগচী ও বিচারপতি বিপুল এন পাঞ্চোলির বেঞ্চ জানিয়েছেন, কাজ দ্রুত সম্পন্ন করতে পার্শ্ববর্তী রাজ্যের বিচারক নিয়োগ করা যেতে পারে। কাজে লাগানো যাবে তিন বছরের অভিজ্ঞতা সম্পন্ন দায়রা বিচারকদের’ও। রাজ্যের আইনজীবি কপিল সিব্বাল এবং কল্যাণ বন্দোপাধ্যায় এই সিদ্ধান্তের বিরোধিতা করে, ভাষাগত সমস্যার দিকটি উত্থাপন করেন। সর্বোচ্চ আদালতের বেঞ্চ এই বিরোধিতার জবাবে জানিয়েছে, ঝাড়খন্ড ও ওড়িশার মতো রাজ্যগুলি ভৌগলিকভাবে এরাজ্যের পাশাপাশি অবস্থান করায়, সেখানকার কিছু অংশের লোকজন পশ্চিমবঙ্গের ভাষা বোঝে। কাদের নিয়োগ করা হবে, সে সংক্রান্ত সিদ্ধান্ত নেবেন কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি।

সুপ্রিম কোর্ট আবারো জানিয়েছে, আগামী ২৮শে ফেব্রুয়ারী’ই চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করতে হবে। বাকি থাকা কাজের নিরিখে পরবর্তী সময়ে অতিরিক্ত তালিকা প্রকাশ করতে পারবে কমিশন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সুপ্রিম কোর্টের SIR সংক্রান্ত নির্দেশ ও পর্যবেক্ষনের প্রেক্ষিতে রাজ্য সরকারের বক্তব্যের সমালোচনা করেছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। গতকাল মুখ্য নির্বাচনী আধিকারিক

মনোজ আগরওয়ালের সঙ্গে বৈঠকের পর সাংবাদিকদের কাছে, ২৮ তারিখে চূড়ান্ত তালিকা প্রকাশের পরেও রাজ্য সরকারের অবস্থান একই থাকবে কিনা তা নিয়ে সংশয় প্রকাশ করেন। ওই তালিকায়  যাঁদের নাম বাদ যাবে, তার দায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিকে নিতে হবে বলেও দাবি করেন বিরোধী দলনেতা।

(বাইট – শুভেন্দু)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সুপ্রিম কোর্টের নির্দেশে এস আই আর নিয়ে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতির নেতৃত্বে অনুষ্ঠিত বৈঠকে উপস্থিত থাকার জন্য রাজ্যের প্রাক্তন মুখ্য সচিব মনোজ পন্থ-কে গ্রেপ্তারের দাবি জানিয়েছেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার।

উত্তর ২৪ পরগণার বারাসাতে এক সাংবাদিক সম্মেলনে শ্রী মজুমদার বলেন ওই বৈঠকে কারা উপস্থিত থাকবে, সেব্যাপারে স্পষ্ট নির্দেশ দিয়েছিল সুপ্রিম কোর্ট। সেই তালিকায় মনোজ পন্থের নাম ছিল না। তা সত্ত্বেও কোন পদাধিকার বলে সম্পূর্ণ বে-আইনীভাবে ওই বৈঠকে মনোজ পন্থ যোগ দেন, তা নিয়ে প্রশ্ন তুলেছেন তিনি।

(বাইট – সুকান্ত)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে  বিধানসভা নির্বাচনের প্রেক্ষিতে ভোটকর্মীদের জন্য প্রশিক্ষণ শুরু হতে চলেছে।

এক বিজ্ঞপ্তিতে, জাতীয়, রাজ্য, জেলা, মহকুমা এবং রিটার্নিং অফিসার স্তর পর্যন্ত একাধিক ধাপে এই প্রশিক্ষণের রূপরেখা প্রকাশ করেছে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর। বিজ্ঞপ্তি অনুযায়ী, জাতীয় স্তরে নির্বাচন কমিশন ও ইন্ডিয়ান ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট অব ডেমোক্রেসি অ্যান্ড ইলেকশন ম্যানেজমেন্ট-এর তত্ত্বাবধানে বিভিন্ন বিষয়ের উপর অনলাইন ও সরাসরি প্রশিক্ষণ হবে। রিটার্নিং অফিসার, সহকারী রিটার্নিং অফিসার, জেলা নির্বাচন আধিকারিকদের আলাদা আলাদাভাবে প্রশিক্ষণ দেওয়া হবে।
রাজ্য স্তরে ৬ থেকে ১৩'ই মার্চ পর্যন্ত মনোনয়ন প্রক্রিয়া, প্রযুক্তির ব্যবহার, নজরদারি, ভোটগ্রহণ ও গণনা, নির্বাচনী তালিকা এবং সামগ্রিক ভোট পরিচালনার জন্য পর্যায়ক্রমে প্রশিক্ষণ দেওয়া হবে। এতে জেলা নির্বাচন আধিকারিক, RO এবং ARO, পুলিশ আধিকারিক, মিডিয়া প্রতিনিধি এবং রাজনৈতিক দলগুলি অংশ নেবে ।
জেলা স্তরে ইভিএম সংক্রান্ত ফার্স্ট লেভেল চেকিং থেকে শুরু করে আইন-শৃঙ্খলা, মডেল কোড, ব্যয় পর্যবেক্ষণ, অভিযোগ ব্যবস্থাপনা এবং ভোটের দিন সংক্রান্ত বিষয় নিয়ে মার্চের

মাঝামাঝি পর্যন্ত ধারাবাহিক প্রশিক্ষণ চলবে। মহকুমা ও RO স্তরে পোলিং পার্সোনেলদের জন্য তিন দিনের প্রশিক্ষণ, ইভিএম-ভিভিপ্যাটে হাতে-কলমে মহড়া, ১০০টি মক ভোট দিয়ে সার্টিফিকেশনও বাধ্যতামূলক করা হয়েছে। গণনার আগে কাউন্টিং পার্সোনেল ও ডিস্ট্রিক্ট কন্ট্রোল রুম সেন্টারের কর্মীদেরও প্রশিক্ষণ দেওয়া হবে কমিশন সূত্রে দাবি, ভোট প্রক্রিয়া যাতে নির্ভুল ও স্বচ্ছ ভাবে সম্পন্ন হয়, সেই লক্ষ্যেই এই বহুস্তরীয় প্রশিক্ষণ পরিকল্পনা। নির্বাচন ঘোষণা হওয়ার সঙ্গে সঙ্গেই ধাপে ধাপে এই সূচি কার্যকর হবে।

০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে SIR-এর লজিক্যাল ডিসক্রিপেন্সি বা তথ্যগত অসংগতির নথি যাচাই-এর জন্য সুপ্রিম কোর্ট এবার ঝাড়খন্ড ও ওড়িশার বিচারবিভাগীয় আধিকারিকদের কাজে লাগানোর নির্দেশ দিয়েছে। এর আগে নির্দেশ অনুযায়ী জুডিশিয়াল আধিকারিক নিয়োগের বিষয়ে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পাল, সর্বোচ্চ আদালতে স্টেটাস রিপোর্ট জমা দেন। তাতে জানানো হয়েছে, প্রায় ৮০ লক্ষ নথি খতিয়ে দেখার কাজ বাকি আছে। এই পরিস্থিতিতে এখনো পর্যন্ত ২৯৪ জন কর্মরত ও প্রাক্তন বিচারকদের নিয়োগ করা হয়েছে। তাঁরা প্রতিদিন আড়াইশ' জনের নথি যাচাই করলেও, সম্পূর্ণ কাজ মিটতে ৮০ দিন সময় লেগে যাবে। এর প্রেক্ষিতেই গতকাল জরুরী ভিত্তিতে মামলার শুনানি করা হয়। প্রধান বিচারপতি সূর্যকান্ত, বিচারপতি জয়মাল্য বাগচী ও বিচারপতি বিপুল এন পাঞ্চোলির বেঞ্চ জানিয়েছেন, কাজ দ্রুত সম্পন্ন করতে পার্শ্ববর্তী রাজ্যের বিচারক নিয়োগ করা যেতে পারে। কাজে লাগানো যাবে তিন বছরের অভিজ্ঞতা সম্পন্ন দায়রা বিচারকদের'ও। রাজ্যের আইনজীবি কপিল সিব্বাল এবং কল্যাণ বন্দোপাধ্যায় এই সিদ্ধান্তের বিরোধিতা করে, ভাষাগত সমস্যার দিকটি উত্থাপন করেন। সর্বোচ্চ আদালতের বেঞ্চ এই বিরোধিতার জবাবে জানিয়েছে, ঝাড়খন্ড ও ওড়িশার মতো রাজ্যগুলি ভৌগলিকভাবে এরাজ্যের পাশাপাশি অবস্থান করায়, সেখানকার কিছু অংশের লোকজন পশ্চিমবঙ্গের ভাষা বোঝে। কাদের নিয়োগ করা হবে, সে সংক্রান্ত সিদ্ধান্ত নেবেন কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি।

সুপ্রিম কোর্ট আবারো জানিয়েছে, আগামী ২৮শে ফেব্রুয়ারী'ই চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করতে হবে। বাকি থাকা কাজের নিরিখে পরবর্তী সময়ে অতিরিক্ত তালিকা প্রকাশ করতে পারবে কমিশন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রদেশ কংগ্রেস নেত্রী, সন্দিপা চক্রবর্তী আজ আনুষ্ঠানিকভাবে বিজেপিতে যোগদান করেছেন। পাশাপাশি প্রদেশ কংগ্রেসের প্রাক্তন মুখপাত্র - আইনজীবী নীলাভ ব্যানার্জিও বিজেপিতে যোগ দিয়েছেন।

দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য গতকাল তাদের হাতে দলীয় পতাকা তুলে দিয়ে স্বাগত জানান।

এদিকে রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনে বামফ্রন্টের সঙ্গে ISF এর সার্বিক জোট চূড়ান্ত বলে ভাঙ্গরের ISF বিধায়ক নওশাদ সিদ্দিকি জানিয়েছেন। নির্বাচনী জোট নিয়ে বৈঠকের পর তিনি সাংবাদিকদের একথা বলেন। তবে এই জোট অনুসারে ISF কটা আসনে লড়াই করবে তা আগামীকাল চূড়ান্ত হবে বলেও সিদ্দিকি জানিয়েছেন ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আজকের প্রসঙ্গের এবারের বিষয় : এ আই সামিট এবং বিনোদন ও সংবাদ মাধ্যমে কৃত্রিম বুদ্ধিমত্তা। পরিচালক অতনু ঘোষ ও পরিচালক,সমালোচক এবং সাংবাদিক রত্নোত্তমা সেনগুপ্তর সঙ্গে কথা বলেছেন অভিজিৎ চক্রবর্তী।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটির প্রথম পর্ব শুনবেন আজ (২৫/০২/২৬) রাত সাড়ে ন টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে। এই অনুষ্ঠানের দ্বিতীয় তথা শেষ পর্ব শুনতে পাবে আগামীকাল রাত আটটায়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় মন্ত্রিসভা গতকাল ২০২৬-২৭ বিপণন বর্ষে কাঁচা পাটের ন্যূনতম সহায়ক মূল্য ২৭৫ টাকা বৃদ্ধি করে ৫ হাজার ৯২৫ টাকা করেছে। মন্ত্রিসভার বৈঠকের পরে তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো সাংবাদিকদের বলেন, টিডি-থ্রী গ্রেডের কাঁচা পাটের জন্য এই মূল্য নির্ধারণ করা হয়েছে।

(বাইট – বৈষ্ণ)

এই সিদ্ধান্তের ফলে পাট উৎপাদনে সর্বভারতীয় গড় খরচের নিরিখে ৬১ দশমিক ৮ শতাংশ রিটার্ন নিশ্চিত হবে বলেও শ্রী বৈষ্ণো জানান।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

দীর্ঘ জটিলতা কেটে অবশেষে স্কুলে শিক্ষক পদে চূড়ান্ত নিয়োগ প্রক্রিয়া শুরু হয়েছে। কাউন্সেলিংয়ের পর গতকাল থেকে একাদশ দ্বাদশ শ্রেণীর সফল প্রার্থীদের সুপারিশপত্র তুলে দেওয়ার কাজ শুরু করেছে স্কুল সার্ভিস কমিশন। আজও এই প্রক্রিয়া চলবে। প্রথম পর্যায়ে মোট ১৭২ জন সফল প্রার্থীকে তাঁদের পছন্দের স্কুলের জন্য সুপারিশপত্র দেওয়া হচ্ছে। এর পরেই ধাপে ধাপে বাকি প্রার্থীদের ডাকবে এসএসসি। ওই প্রার্থীদের নিয়োগপত্র দেবে মধ্যশিক্ষা পর্ষদ। আগামী মাস থেকেই নতুন শিক্ষকরা স্কুলে যোগ দিতে পারবেন বলে জানা গেছে।

উল্লেখ্য, একাদশ ও দ্বাদশ শ্রেণীর ১২ হাজার ৪৪৫টি শূন্য পদের জন্য ১৮ হাজারের বেশি প্রার্থীকে মেধা তালিকায় রাখা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ ২৪ পরগণার ভাঙড়ের চাঁদপুর এলাকায় রাস্তা তৈরির জন্য মজুত করা রাসায়নিক ভর্তি ড্রামে বিস্ফোরণে আহত এক শিশুর আজ ভোরে মৃত্যু হয়েছে। গত সপ্তাহে রাস্তায় খোলা অবস্থায় পড়ে থাকা রাসায়নিক ভর্তি ড্রামে বিস্ফোরণ হয়। সেই সময়ে ঐ চার শিশু আহত হয়। একজনকে প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেওয়া হলেও বাকি তিনজন এম আর বাঙ্গুর হাসপাতালে চিকিৎসাধীন। মৃত বালকের দেহের ৯৫ শতাংশই পুড়ে গিয়েছিল।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ ২৪ পরগনার ঝড়খালিতে বাঘের হানায় ফের এক মৎস্যজীবীর মৃত্যু হয়েছে। গোপাল ঢালী নামে বছর ৪৫-এর ওই মৎস্যজীবী আরও দু-জনের সঙ্গে সুন্দরবনের জঙ্গলে দেউলভারানি সংলগ্ন খাঁড়িতে কাঁকড়া ধরতে গিয়েছিলেন। সে সময় হঠাৎই একটি রয়াল বেঙ্গল টাইগার গোপালকে জঙ্গলে টেনে নিয়ে যায়। সঙ্গীরা বাধা দেওয়ার চেষ্টা করলে তারাও জখম হয়। পরে জঙ্গলের ভেতর থেকে উদ্ধার হয় গোপালের ক্ষতবিক্ষত দেহ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিম মেদিনীপুরের সবং ব্লকের শিউলিপুরে কাঠচেরাই মেশিনের ফিতে জড়িয়ে, দুর্ঘটনায় তাপস দাস নামের এক ব্যাক্তির মৃত্যু হয়েছে। জানা গেছে, গত সন্ধ্যায় কাজ শেষে, তাপসবাবু মেশিন বন্ধ করতে গেলে তাঁর পরনে থাকা বস্ত্র মেশিনের ফিতেতে জড়িয়ে যায়। দ্রুত মেশিন বন্ধ করে গুরুতর আহত অবস্থায় তাঁকে উদ্ধার করে সবং গ্রামীণ হাসপাতালে নিয়ে যাওয়া হলে সেখানেই তাঁকে মৃত বলে ঘোষণা করেন চিকিৎসকরা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

চেন্নাই থেকে কাজ সেরে বাড়ি ফেরার পথে রহস্যজনকভাবে মৃত্যু হয়েছে মুর্শিদাবাদের কান্দির বছর ২২-এর পরিযায়ী শ্রমিক এক যুবকের। জেলার কান্দি থানার যশোহরি চৈতন্যপুর গ্রামের বাসিন্দা মহিরুল মল্লিকের অগ্নিদগ্ধ দেহ গতকাল বিকেলে সালারের রায়গ্রাম এলাকা থেকে উদ্ধার হয়। এই ঘটনাকে কেন্দ্র করে এলাকায় তীব্র চাঞ্চল্য ছড়িয়েছে। পরিবারের দাবি, মহিরুলকে নৃশংসভাবে খুন করে পুড়িয়ে দেওয়া হয়েছে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০